ঝিনাইদহে নৌকার প্রার্থী সমি’র নির্বাচনী পথসভা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-২ আসনের আওয়ামী লীগ মনোনিত নৌকা প্রতীকের প্রর্থীর ঘামঝরা প্রচার প্রচারণা চলছে। নির্বাচনে বিজয় ছিনিয়ে নিতে ভোট প্রার্থনা করতে গ্রামে গ্রামে ছুটছেন তিনি। পাড়া-মহল্লা, গ্রাম-গঞ্জে ভোটারদের সাথে চলছে গণসংযোগ ও পথসভা।

ঝিনাইদহের নৌকা প্রতীকের প্রার্থী তাহজিব আলম সিদ্দিকী সমি বিভিন্ন নির্বাচনী পথসভায় বিগত দিনের উন্নয়নের ধারা বাহিকতা ধরে রাথতে এবং বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলদেশ বিনির্মাণে নৌকা মার্কায় ভোট দেওয়ার জন্য সকলের নিকট বিনীত অনুরোধ করছেন। তার পথসভায় তৃনমূল আওয়ামী লীগের নেতা কর্মীরা গণজোয়ার সৃষ্টি করছে। তার নেতাকর্মীরা পাড়ায় মহল্লায় সকাল থেকে গভীর রাত পর্যন্ত নির্বাচনী প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন। সকলের দ্বারে দ্বারে গিয়ে ভোট ভিক্ষা করছেন।

আজ মঙ্গলবার বিকালে হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের চাদপুর হাইস্কুল মাঠে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ফজলু মালিতার সভাপতিত্বে এক পথ সভায় বক্তব্য রাখেন তাহজীব আলম সিদ্দিকী সমি এমপি।

সেসময় উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, এমপির একান্ত সহকারী রওশন আলী, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান কামাল হোসেনসহ ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা। সভার সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রশিদুল্লাহ। এর আগে পাগলা কানাই ইউনিয়নে পথসভা করেণ তিনি। তিনি প্রতিটি পথসভায় আগামী ৭ জানুয়ারী জননেত্রী শেখ হাসিনার দেওয়া নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহবান জানান।